



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ০২৭

পররাষ্ট্র প্রতিমন্ত্রী আজ রাজশাহী সফরে আসছেন

রাজশাহী, ২৯ শ্রাবণ (১৩ আগস্ট):

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো: শাহরিয়ার আলম সাতদিনের সরকারি সফরে আজ রবিবার রাজশাহী সফরে আসবেন। তিনি সকাল দশটায় ঢাকা থেকে রওয়ানা হয়ে বিকেল তিনটায় রাজশাহীর আড়ানী নিজ বাসভবনে এসে পৌঁছবেন।

এদিন বিকাল চারটায় শলুয়া ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে জাতীয় শোক দিবস ও ১৫ আগস্টের আলোচনা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

পরদিন ১৪ আগস্ট সোমবার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবক/যুব মহিলাদের কর্মসংস্থানের নিমিত্তে সাড়ে দশটায় রাজশাহীর বাঘা ও সাড়ে এগারোটায় চারঘাট উপজেলায় ফ্লিয়ারিং প্রশিক্ষণের উদ্বোধন করবেন। তিনি বিকাল সাড়ে তিনটায় ইউসুফপুর ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে জাতীয় শোক দিবস ও ১৫ আগস্টের আলোচনা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

পরদিন মঙ্গলবার প্রতিমন্ত্রী সকাল দশটা থেকে বিভিন্ন সময়ে বাঘা উপজেলা প্রশাসন ও চারঘাট উপজেলা প্রশাসন আয়োজিত ১৫ আগস্ট জাতীয় শোকদিবসের আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। তিনি এদিন বিকাল তিনটায় চারঘাট পৌরসভা ও সতেরটায় বাঘা পৌরসভা আওয়ামী লীগের উদ্যোগে জাতীয় শোক দিবস ও ১৫ আগস্টের আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

১৬ আগস্ট বুধবার তিনি এগারোটায় চারঘাট পৌরসভায় নবনির্মিত বঙ্গমাতা বেগম ফজিলাতুল্লাহা মুজিব' পাঠাগার এর উদ্বোধন এবং সাড়ে তিনটায় নিমপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে জাতীয় শোক দিবস ও ১৫ আগস্টের আলোচনা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

পরদিন বৃহস্পতিবার বেলা এগারোটায় আড়ানী পৌরসভায় নবনির্মিত 'বঙ্গমাতা বেগম ফজিলাতুল্লাহা মুজিব' পাঠাগার ও সাড়ে তিনটায় সরদহ ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে জাতীয় শোক দিবস ও ১৫ আগস্টের আলোচনা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

শুক্রবার ১৮ আগস্ট প্রতিমন্ত্রী বেলা সাড়ে এগারোটায় কালুহাটা পাদুকাপল্লীতে নবনির্মিত কমন ফিসিলিটিস সেন্টার (সিএফসি) এর উদ্বোধন করবেন। বিকাল সাড়ে তিনটায় পাকুড়িয়া ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে জাতীয় শোক দিবস ও ১৫ আগস্টের আলোচনা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

১৯ আগস্ট শনিবার প্রতিমন্ত্রী বিকাল সাড়ে তিনটায় গড়গড়ি ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে আয়োজিত জাতীয় শোক দিবস ও ১৫ আগস্টের আলোচনা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

এদিনই রাতে আড়ানী থেকে ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হবেন।##

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/১৭.০০ঘ.